

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

স্মারক নং- ৩১.০২.০০০০.০১.০১৩.০১২.১৪.৩০

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৫  
২৯ মে, ২০১৮ খ্রিঃ

বিষয় : ই-নামজারি সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে বিসিসিতে সার্ভার স্থাপনের প্রয়োজনীয় স্থান বরাদ্দের ব্যবস্থা গ্রহণ।

সূত্র : ভূমি সংস্কার বোর্ডের স্মারক নং ৩১.০২.০০০০.০১.০১৩.০১২.১৪.২০, তারিখ : ১৯ এপ্রিল ২০১৮ ইং।

উর্পর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসাবে প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রাম এর সহযোগিতায় ভূমি সংস্কার বোর্ড LIMS (Land Information Management System) সফটওয়্যারটি ব্যবহারের মাধ্যমে ই-নামজারি কার্যক্রমের বাস্তবায়ন শুরু করে।


২। বর্তমানে ১১৩টি উপজেলায় ই-নামজারি চলমান রয়েছে এবং ১৫০টি উপজেলায় ই-নামজারীর কার্যক্রম চালুর অপেক্ষায় রয়েছে। আগামী জুন/২০১৮ মাসের মধ্যে সারাদেশে ই-নামজারী চালুর নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ভূমি সংস্কার বোর্ড কর্তৃক এ জন্য ১২টি ডেডিকেটেড সার্ভার ক্রয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ক্রয়কৃত মালামালের তালিকা নিম্নরূপ :

ক্রমিক নং	মালামালের বিবরণ
১	Server for Application and Database-১০টি
২	Storage Server-২টি
৩	Firewal Server-২টি
৪	Network Switch-১টি
৫	Rack with KVM-১টি
৬	Electrical works for installation-Lot
৭	Network Cable for installation-Lot
৮	Installation/Configuration work-Lot

৩। এমতাবস্থায়, সারাদেশের সকল উপজেলায় ই-নামজারীর চালুর নিমিত্তে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ক্রয়কৃত তালিকা মোতাবেক সার্ভার স্থাপনের প্রয়োজনীয় স্থান বরাদ্দসহ সার্ভারগুলো কার্যকর করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

নির্বাহী পরিচালক  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল,  
আইসিটি টাওয়ার, প্লট# ই১৪/এক্স, আগারগাঁও,  
শেরেবাংলা নগর, ঢাকা।

  
(ব্রিকশ বিশ্বাস)  
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩  
ভূমি সংস্কার বোর্ড  
ই মেইল [alrc3@lrb.gov.bd](mailto:alrc3@lrb.gov.bd)

[দৃ:আ: রিংকো কবিরাজ, এ্যানালিস্ট, (সার্ভার এন্ড ক্লাউড সিকিউরিটি)]

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিভাগ, আইসিটি টাওয়ার, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম।
- ০৪। চেয়ারম্যানের একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। মোঃ মামুন-উর-রশিদ, সহকারী জেনারেল ম্যানেজার, পণ্য বিক্রয়, ফ্লোরা লিমিটেড, আদমজি কোর্ট, এনএক্স-২, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০৫। অফিস কপি।